

জুয়াড়ি

ফিরে পেতে পরিচিত দৃশ্যপট

বার বার জন্মান্তর সম্বল জেনেছে মানুষ

মানুষই কেঁদেছে খুব বিধাতার কাছে

বুঝেছে যা পাওয়ার নয়

কোনোকালে দেখেনি যে দীর্ঘ জীবন কেউ

তার খোঁজে অনন্ত অসুখ

অপেক্ষায় অপেক্ষাতে ব্যাধি তাকে ধরেছে জাপটিয়ে।

অগত্যা পিছু হেঁটে

আবার ধরেছে বাজি জীবনের হাটে

একটি জীবনে।